# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫৬

১/ বিবিধ

আরবী

ينزل الله كل يوم عشرين ومئة رحمة، ستون منها للطائفين وأربعون للعاكفين حول البيت، وعشرون منها للناظرين إلى البيت
موضوع

رواه الطبراني في " المعجم الكبير " (3 / 115 / 1) من طريق خالد بن يزيد العمرى: حدثنا محمد بن عبد الله بن عبيد الليثي عن ابن أبي مليكة عن ابن عباس مرفوعا
قلت: وهذا إسناد موضوع خالد بن يزيد هذا كذبه أبو حاتم ويحيى بن معين، وقال ابن حبان: يروي الموضوعات عن الأثبات
والليثي متروك أيضا، كما في " اللسان " (5 / 216) ، وغيره
وللحديث طريقان آخران موضوعان أيضا بلفظين مغايرين لهذا بعض المغايرة وقد سبق ذكرهما مع الكلام على سنديهما برقمي (187، 188) فمن شاء فليرجع إليهما

বাংলা

২৫৬। আল্লাহ তা’আলা প্রতিদিন একশত বিশটি রহমত নাযিল করেন। ষাটটি তাওয়াফকারীদের জন্য, চল্লিশটি ঘরের (বায়তুল্লাহ-এর) চারিদিকে ই’তিকাফ করীদের জন্য এবং বিশটি ঘরের দিকে দৃষ্টিদান কারীদের জন্য।

হাদীসটি জাল।

এটি তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৩/১১৫/১) খালিদ ইবনু ইয়াযীদ আল-উমারী সূত্রে আব্দুল্লাহ ইবনু ওবায়দিল্লাহ আল-লায়সী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ জাল; খালিদ ইবনু ইয়াযীদকে আবূ হাতিম ও ইয়াহইয়া ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। লায়সীও মাতরূক; যেমনভাবে "লিসানুল মীযান" (৫/২১৬) সহ অন্যান্য গ্রন্থে এসেছে। হাদীসটির আরো দু'টি সূত্র রয়েছে। কিন্তু সে সূত্র দুটিও জাল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5516

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন